

মডেল অ্যাস্ট্রিভিটি টাস্ক

নবম শ্রেণি

বাংলা (প্রথম ভাষা)

১. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

১.১ ‘বর্তমান যুগের ইংরেজি ও বাংলা আত্মনির্ভরশীল নয়।’

— প্রাবন্ধিক কোন্ অর্থে ‘আত্মনির্ভরশীল’ শব্দের প্রয়োগ ঘটিয়েছেন? বর্তমান যুগের ইংরেজি ও বাংলাকে কেন তিনি আত্মনির্ভরশীল মনে করেননি?

১ + ২

১.২ ‘আমি এই ঘাসে বসে থাকি’

— কোন্ সময়ে কবি ঘাসে বসে থাকেন? তখন প্রকৃতির কেমন রূপ তাঁর চোখে ধরা পড়ে?

১ + ২

১.৩ ‘কিন্তু বিঘাও আছে বহু।’

— পত্রলেখক স্বামী বিবেকানন্দ ভগিনী নিবেদিতাকে কীরূপ বিঘের কথা জানিয়েছেন?

৩

১.৪ ‘নটেগাছটা বুড়িয়ে ওঠে, কিন্তু মৃড়য় না।’

— উদ্ধৃতাংশে নটেগাছের প্রসঙ্গ উত্থাপনে ‘আবহমান’ কবিতায় ‘রূপকথা’র আবেশ কীভাবে রচিত হয়েছে, বিশ্লেষণ করো।

৩

১.৫ ‘... আর আহারের সংস্থান রহিল না।’

— রাধারাণী ও তার মায়ের দুগ্ধির চিত্র ‘রাধারাণী’ পাঠ্যাংশে কীভাবে চিত্রিত হয়েছে, তা উদ্ধৃতাংশের আলোকে আলোচনা করো।

৩

১.৬ ‘কভার্স যে এখন সাধারণ কাকের থেকে নিজেকে আলাদা রাখতে চায়, তার স্পষ্ট প্রমাণ আজকে পেলাম।’ — প্রোফেসর শঙ্কু কীভাবে সেই প্রমাণ পেয়েছেন?

৫

২. নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও :

২.১ মৌলিক শব্দ বলতে কী বোঝা?

১

২.২ নবগঠিত শব্দকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায় এবং কী কী?

১

২.৩ তন্ত্রব শব্দের দুটি উদাহরণ দাও।

১

২.৪ ‘দেশি শব্দ’ কে ‘অজ্ঞাতমূল শব্দ’ বলা হয় কেন?

১

২.৫ তুর্কি এবং ওলন্দাজ শব্দভাঙ্গার থেকে বাংলায় গৃহীত হয়েছে এমন দুটি করে শব্দের উদাহরণ দাও।

১

২.৬ তামিল শব্দভাঙ্গার থেকে বাংলায় এসেছে এমন দুটি শব্দ লেখো।

১

২.৭ নির্দেশ অনুযায়ী মিশ্র বা সংকর শব্দ তৈরি করো :

ইংরেজি + বাংলা	১
পোর্তুগিজ + হিন্দি	১
তৎসম শব্দ + বিদেশি প্রত্যয়	১

২.৮ ইংরেজি থেকে অনুবাদের মাধ্যমে বাংলায় গৃহীত হয়েছে এমন দুটি শব্দ উল্লেখ করো।

১

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।

২.৯ যোগরূতি শব্দের দু'টি উদাহরণ দাও।	১
২.১০ গুণবাচক বিশেষ্যযোগে একটি বাক্য রচনা করো।	১
২.১১ ক্রিয়াবিশেষণের দু'টি গঠনরীতি নির্দেশ করো।	১
২.১২ কাছের ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করতে কোন্ সর্বনাম পদ ব্যবহৃত হয় ?	১
২.১৩ একটি তৎসম অব্যয় এবং একটি খাঁটি বাংলা অব্যয়ের উদাহরণ দাও।	১
২.১৪ ধাতুর গঠন অনুযায়ী ক্রিয়াপদ কত ধরনের হয়ে থাকে ?	১

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।